বিএআরআই
# সংবাদ
বর্ষ ৩৫ সংখ্যা ১, ২০২৩
www.bari.gov.bd
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ত্রৈমাসিক মুখপত্র

## বারি'তে বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদ্‌যাপিত











*ড. দেবাশীষ সরকার, মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর নেতৃত্বে বিভিন্ন আয়োজনের মাধ্যমে যথাযোগ্য মর্যাদায় বঙ্গবন্ধুর জন্ম বার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৩ উদ্‌যাপন।*

যথাযোগ্য মর্যাদা ও নানা আয়োজনের মধ্যে দিয়ে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এ গত ১৭ মার্চ শুক্রবার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী এবং জাতীয় শিশু দিবস ২০২৩ উদ্‌যাপিত হয়েছে।


দিবসটি পালন উপলক্ষে আয়োজিত কর্মসূচির মধ্যে ছিল জাতীয় পতাকা উত্তোলন ও গার্ড অব অনার প্রদান, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ, বেলুন উড়িয়ে দিনের কর্মসূচির শুভ উদ্বোধন, আনন্দ র‍্যালি, কেক কাটা, শিক্ষার্থীদের অংশগ্রহণে চিত্রাঙ্কন ও বঙ্গবন্ধুর জীবনভিত্তিক বক্তৃতা প্রতিযোগিতা, বিশেষ মোনাজাত/প্রার্থনা এবং আলোকসজ্জা।

সকালে বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার অন্যান্য পরিচালকবৃন্দকে সাথে নিয়ে জাতীয় সঙ্গীতের সাথে জাতীয় পতাকা উত্তোলন ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে দিনের কর্মসূচির সূচনা করেন। এ সময় আনসার সদস্যদের পক্ষ থেকে গার্ড অব অনার প্রদান করা হয়। এরপর বারি'র প্রধান কার্যালয়ের সামনে বেলুন উড়িয়ে দিনের শুভ উদ্বোধন ঘোষণা করেন বারি'র মহাপরিচালক। পরে বারি'র মহাপরিচালকের নেতৃত্বে ইনস্টিটিউটের সকল স্তরের বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী, শিক্ষক-শিক্ষিকা, শ্রমিক ও শিক্ষার্থীবৃন্দকে সাথে নিয়ে একটি আনন্দ র‍্যালি বের করা হয়। আনন্দ র‍্যালিটি বারি'র প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। পরে বারি'র প্রধান কার্যালয়ের সামনে বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী এবং জাতীয় শিশু দিবস উপলক্ষে কেক কাটা হয়। এরপর আনন্দ শিশু কানন ও বিএআরআই উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে চিত্রাঙ্কন ও বঙ্গবন্ধুর জীবনভিত্তিক বক্তৃতা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

এ সময় অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পরিচালক (সেবা ও সরবরাহ) ড. ফেরদৌসী ইসলাম, পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. দিলোয়ার আহমদ চৌধুরী, পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মো. আইয়ুব হোসেন, পরিচালক (তৈলবীজ গবেষণা কেন্দ্র) ড. মো. তারিকুল ইসলাম, পরিচালক (উদ্যানতত্ত্ব) ড. গোবিন্দ চন্দ্র বিশ্বাস, বারি বিজ্ঞানী সমিতি (বারিসা), বঙ্গবন্ধু কৃষিবিদ পরিষদ, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন বারি শাখা, বারি কর্মচারী কল্যাণ সমিতি (বারিকা), বারি চতুর্থ শ্রেণী কর্মচারী সমিতি (বারিচা), বারি শ্রমিক সমিতির নেতৃবৃন্দ। *এরপর পৃষ্ঠা ২*

বিএআরআই
# সংবাদ
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ত্রৈমাসিক মুখপত্র

## সম্পাদকীয়



কৃষি আজ শুধু নিজের জীবিকা নয় বরং দেশের গন্ডি পেরিয়ে আন্তর্জাতিক পরিসরে নিজেকে মেলে ধরা। কৃষাণ থেকে ভোক্তা একটা চেইন যেখানে সবার নিরাপত্তার কথা বলা হচ্ছে। নিজের প্রয়োজন মিটলেই হবে না উৎপাদনের প্রতিটি ধাপে নিরাপত্তা নিশ্চিত করতে হবে। কেবল নিরাপদ কৃষি ব্যবস্থাই নিশ্চিত করতে পারে নিরাপদ খাদ্য।

উত্তম কৃষি অনুশীলন সবার নিরাপত্তার সাথে নিরাপদ খাদ্যের যোগান দিতে পারে। সময়ের প্রয়োজনে আমাদের কৃষি ব্যবস্থাকে ঢেলে সাজাতে হবে।

খাদ্য নিরাপত্তা বিষয়টি স্বাস্থ্য ও বাণিজ্যিক দৃষ্টিকোণ থেকে তাৎপর্যপূর্ণ। ভোক্তাদের সুরক্ষার জন্য নিরাপদ খাদ্য উৎপাদন বিশেষ গুরুত্ব বহন করে।

খাদ্য জনিত অসুস্থতা গৃহস্থালির পাশাপাশি বাজার ব্যবস্থার যেকোনো পর্যায়ে অনেক ক্ষতির কারণ হতে পারে। রপ্তানি কিংবা স্থানীয় বাজারজাত করণ উভয়ের জন্য বিষয়টি সমান গুরুত্বপূর্ণ। খাদ্য উৎপাদন থেকে ভোক্তা পর্যায়ে যেকোনো স্তরে মান অবনমন ঘটলে তার প্রভাব সবার ক্ষতির কারণ হতে পারে। এ ক্ষেত্রে উত্তম কৃষি অনুশীলন সবার জন্য কল্যাণ বয়ে আনতে পার।

অনুমোদিত মাত্রার চেয়ে বেশি মাত্রায় কীটনাশক ব্যবহার, দূষিত পানি কিংবা ভারী ধাতুর উপস্থিত সবই পরিবেশের জন্য বিপর্যয় বয়ে আনতে পারে। উত্তম কৃষি অনুশীলন এর ক্ষেত্রে দক্ষিণ এশিয়ার দেশগুলো বেশ পিছিয়ে। কিন্তু এর অনুশীলন দীর্ঘ মেয়াদি সুফল বয়ে আনতে পারে।

এফএও (FAO) এর গাইড লাইনে উত্তম কৃষি অনুশীলন বিষয়ে যে পদ্ধতিগুলো অনুশীলন করার কথা বলা হয়েছে তা মানলে দেশ সমাজ তথা পরিবার সবার জন্য দীর্ঘ মেয়াদি সুফল আনতে পারে। আমরা বিদেশে রপ্তানির ক্ষেত্রে পিছিয়ে। এর অন্যতম কারণ কৃষি ব্যবস্থার বিভিন্ন পর্যায়ে ত্রুটি।

সবর আগে বিষয়টির গুরুত্ব অনুধাবন করতে হবে। সরকারি বেসরকারি সব পর্যায়ে বিষয়টি নিয়ে সঠিক করণীয় নির্ধারণ করতে হবে। এবং সবার সম্মিলিত প্রচেষ্টা কেবল সঠিক লক্ষ্যে পৌঁছে দিবে। ■

## বারি'তে বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী ...

*প্রথম পৃষ্ঠার পর*

এছাড়া অনুষ্ঠানে ইনস্টিটিউটের সকল স্তরের বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী, শিক্ষক-শিক্ষিকা, শ্রমিক, শিক্ষার্থীরাও উপস্থিত ছিলেন।

এছাড়া জুমা নামাজ পরবর্তী বারি জামে মসজিদে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী এবং জাতীয় শিশু দিবস উপলক্ষে বিশেষ মোনাজাত এবং মন্দির ও গির্জায় বিশেষ প্রার্থনা করা হয়। দিবসটি পালন উপলক্ষে সন্ধ্যায় বারি প্রধান কার্যালয়ে মনোমুগ্ধকর আলোকসজ্জা করা হয়। ■

## ICRISAT এবং CIMMYT...

*চতুর্থ পৃষ্ঠার পর*

(ডাল গবেষণা কেন্দ্র) ড. মো. মহি উদ্দিন, সাবেক পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. সৈয়দ নুরুল আলম সহ বিভিন্ন বিভাগের সিনিয়র বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দ।

মতবিনিময় সভায় অতিথিবৃন্দ তাদের নিজ নিজ প্রতিষ্ঠান বারি'র সাথে গবেষণা কার্যক্রম বৃদ্ধি করার জন্য আগ্রহ প্রকাশ করেন। পরে অতিথিবৃন্দ ইনস্টিটিউটের বর্তমান কার্যক্রম, অগ্রগতি ও সাফল্য দেখে সন্তোষ প্রকাশ করেন। ■

## Murdoch University এবং CSIRO, ...

*ষষ্ঠ পৃষ্ঠার পর*

কেন্দ্রের এরোফনিক ল্যাব, ফার্ম মেশিনারি এন্ড পোস্ট হারভেস্ট প্রসেস ইঞ্জিনিয়ারিং বিভাগের ফার্ম মেশিনারি ল্যাব পরিদর্শন করেন এবং ইনস্টিটিউটের বর্তমান কার্যক্রম, অগ্রগতি ও সাফল্য দেখে সন্তোষ প্রকাশ করেন। ■

## বারি'র কৃষিতত্ত্ব বিভাগের গবেষণা...

*চতুর্থ পৃষ্ঠার পর*

তারিকুল ইসলাম এবং পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. ফেরদৌসি ইসলাম। অনুষ্ঠান শুরুর পূর্বে বিএআরআই মহাপরিচালক ড. দেবাশীষ সরকার অন্যান্য অতিথিবৃন্দকে নিয়ে বারি'র কৃষিতত্ত্ব বিভাগের বিভিন্ন ফসলের গবেষণা মাঠ পরিদর্শন করেন এবং গবেষণা কার্যক্রম নিয়ে সন্তোষ প্রকাশ করেন। ■

## বারি'তে ঐতিহাসিক ৭ই মার্চ উদ্‌যাপিত



*নানা আয়োজনের মধ্য দিয়ে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট-এ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ দিবস উদ্‌যাপিত হয়েছে। দিবসটি পালন উপলক্ষে দিনব্যাপী কর্মসূচির মধ্যে ছিল জাতীয় পতাকা উত্তোলন, বঙ্গবন্ধুর ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ, বিশেষ মোনাজাত এবং দিনব্যাপী বঙ্গবন্ধুর ৭ই মার্চ ও অন্যান্য ভাষণ প্রচার।*

নানা আয়োজনের মধ্য দিয়ে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট-এ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ দিবস উদ্‌যাপিত হয়েছে। দিবসটি পালন উপলক্ষে দিনব্যাপী কর্মসূচির মধ্যে ছিল জাতীয় পতাকা উত্তোলন, বঙ্গবন্ধুর ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ, বিশেষ মোনাজাত এবং দিনব্যাপী বঙ্গবন্ধুর ৭ই মার্চ ও অন্যান্য ভাষণ প্রচার।

সকালে বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার -এর নেতৃত্বে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে দিনের কর্মসূচি শুরু হয়। এরপর বঙ্গবন্ধুর ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ০৭ মার্চ ঐতিহাসিক ভাষণ উপলক্ষে বিশেষ মোনাজাত করা হয়। এবং ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণের গুরুত্ব ও তাৎপর্যের ওপর সংক্ষিপ্ত আলোচনা করেন বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। ■

## বারি'তে সদ্য নিয়োগপ্রাপ্ত বিজ্ঞানী ও কর্মকর্তাদের ওরিয়েন্টেশন কোর্স এর উদ্বোধন অনুষ্ঠিত

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর প্রশিক্ষণ ও যোগাযোগ উইং এর আয়োজনে সদ্য নিয়োগপ্রাপ্ত বিজ্ঞানী ও কর্মকর্তাদের ওরিয়েন্টেশন কোর্স এর উদ্বোধন অনুষ্ঠান গত ১২ মার্চ ইনস্টিটিউটের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। এ কোর্সে বারি'তে সদ্য নিয়োগপ্রাপ্ত ৭৮ জন বিজ্ঞানী ও কর্মকর্তা অংশগ্রহণ করেন।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ওরিয়েন্টেশন কোর্সের উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব ওয়াহিদা আক্তার। বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) এর নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ড. ফেরদৌসী ইসলাম, পরিচালক (সেবা ও সরবরাহ)। শুভেচ্ছা বক্তব্য রাখেন ড. মো. আইয়ুব হোসেন, পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ)। এছাড়ও অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ, পরিচালক (গবেষণা), ড. দিলোয়ার আহমদ চৌধুরী, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন); ড. মো. তারিকুল ইসলাম, পরিচালক (তৈলবীজ গবেষণা কেন্দ্র); ড. সোহেলা আক্তার, পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র); ড. গোবিন্দ চন্দ্র বিশ্বাস, পরিচালক (উদ্যানতত্ত্ব)। অনুষ্ঠানে বারি'র বিভিন্ন বিভাগ ও কেন্দ্রের সিনিয়র বিজ্ঞানী, কর্মকর্তা এবং বিশিষ্ট জন উপস্থিত ছিলেন। ■




*গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় কৃষি সচিব জনাব ওয়াহিদা আক্তার বিজ্ঞানী ও কর্মকর্তাদের ওরিয়েন্টেশন কোর্স এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন।*

## বারি'তে কৃষি যন্ত্রপাতি প্রতিভা অন্বেষণের পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর ফার্ম মেশিনারী এন্ড পোস্টহারভেস্ট প্রসেস ইঞ্জিনিয়ারিং (এফএমপিই) বিভাগের উদ্যোগে গত ১২ মার্চ ২০২৩ কৃষি যন্ত্রপাতি ও লাগসই প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে ফসল উৎপাদন ব্যবস্থাকে অধিকতর লাভজনক করা (এফএমডিপি) প্রকল্পের আওতায় কৃষি যন্ত্রপাতি প্রতিভা অন্বেষণের পুরস্কার বিতরনী অনুষ্ঠান ইনস্টিটিউটের এফএমপিই বিভাগের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়।

পুরস্কার বিতরনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব ওয়াহিদা আক্তার। বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) এর নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার। কৃষি যন্ত্রপাতির প্রতিভা অন্বেষণ ও বিকাশ সংক্রান্ত উপস্থাপনা করেন এফএমডিপি প্রকল্পের প্রকল্প পরিচালক ড. মো. নূরুল আমিন। এছাড়াও অনুষ্ঠানে ড. ফেরদৌসী ইসলাম, পরিচালক (সেবা ও সরবরাহ); ড. দিলোয়ার আহমদ চৌধুরী, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন); ড. মো. আইয়ুব হোসেন, পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ); ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ, পরিচালক (গবেষণা); ড. মো. তারিকুল ইসলাম, পরিচালক (তৈলবীজ গবেষণা কেন্দ্র); ড. সোহেলা আক্তার, পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র); এবং ড. গোবিন্দ চন্দ্র বিশ্বাস, পরিচালক (উদ্যানতত্ত্ব) উপস্থিত ছিলেন। সম্মানিত সচিব মহোদয় স্টল উদ্বোধন ও পরিদর্শন করেন। পরবর্তীতে কৃষি যন্ত্রপাতি প্রতিভা অন্বেষণের বিজয়ীদের মধ্যে পুরস্কার, সনদ বিতরন এবং চেক প্রদান করেন। এবছর ৬ জন উদ্ভাবকের ৭টি উদ্ভাবন বিষয়ে পুরস্কার প্রদান করা হয়। ■




*প্রধান অতিথির বক্তব্য রাখছেন কৃষি মন্ত্রণালয়ের মাননীয় কৃষি সচিব জনাব ওয়াহিদা আক্তার।*

বিএআরআই সংবাদ
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ত্রৈমাসিক মুখপত্র

## ICRISAT এবং CIMMYT প্রতিনিধি'র বারি পরিদর্শন



*বিএআরআই মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এর সাথে মতবিনিময় করছেন/ICRISAT এবং CIMMYT প্রতিনিধি।*

ইন্টারন্যাশনাল ক্রপস রিসার্চ ইনস্টিটিউট ফর দ্যা সেমি-এরিড ট্রপিক্স (ICRISAT), হায়দ্রাবাদ, ভারত এর প্রিন্সিপাল সাইন্টিস্ট জনাব মন্জুর ধর এবং ইন্টারন্যাশনাল মেইজ এন্ড হুইট ইমপ্রুভমেন্ট সেন্টার (CIMMYT), বাংলাদেশ এর কান্ট্রি রিপ্রিজেনটেটিভ জনাব তিমোথি জে. ক্রপনিক গত ০৬ ফেব্রুয়ারি ২০২৩ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) পরিদর্শন করেন।

অতিথিবৃন্দ বারি সদর দপ্তরের সামনে এসে পৌঁছালে বারি'র বিজ্ঞানীবৃন্দ তাদের স্বাগত জানান। পরে বারি মহাপরিচালকের কক্ষে অনুষ্ঠিত সংক্ষিপ্ত মতবিনিময় সভায় স্বাগত বক্তব্য রাখেন ইনস্টিটিউটের মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বারি'র পরিচালক *এরপর পৃষ্ঠা ২*

## বারি'র কৃষিতত্ত্ব বিভাগের গবেষণা কার্যক্রমের উপর মাঠ দিবস অনুষ্ঠিত



*মাঠ দিবস অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএআরআই মহাপরিচালক ড. দেবাশীষ সরকার।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর কৃষিতত্ত্ব বিভাগের উদ্যোগে গত ০২ ফেব্রুয়ারি ২০২৩ কৃষিতত্ত্ব বিভাগের গবেষণা কার্যক্রমের উপর মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে। মাঠ দিবস অনুষ্ঠানে বারি'র বিভিন্ন বিভাগ ও কেন্দ্রের বিজ্ঞানী, কর্মকর্তা, বৈজ্ঞানিক সহকারী, কর্মচারী এবং শ্রমিক অংশগ্রহণ করেন।

বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার প্রধান অতিথি হিসেবে উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। বারি'র কৃষিতত্ত্ব বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও বিভাগীয় প্রধান ড. দিলোয়ার আহমদ চৌধুরী এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (গবেষণা) ড. মো *এরপর পৃষ্ঠা ২*

## বারি'তে মহান স্বাধীনতা দিবস উপলক্ষ্যে কৃষকদের মাঝে জৈব বালাইনাশক বিতরণ কর্মসুচি অনুষ্ঠিত



*কৃষকের মাঝে জৈব বালাই নাশক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের মাননীয় সচিব ওয়াহিদা আক্তার।*

গত ১২ই মার্চ ২০২৩ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিএআরআই) এর কীটতত্ত্ব বিভাগ কর্তৃক মহান স্বাধীনতা দিবস ২০২৩ উপলক্ষে ৭০ জন কৃষকের মাঝে পরিবেশ সম্মত উপায়ে ক্ষতিকর পোকামাকড় দমনের বিভিন্ন উপকরণ যেমন ফেরোমন ফাঁদ ও বিভিন্ন ধরনের জৈব বালাইনাশক বিতরণ করা হয়। উক্ত কর্মসূচিতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব ওয়াহিদা আক্তার, সচিব, কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার; বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল। বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন বিএআরআই এর পরিচালক (সেবা ও সরবরাহ) ড. ফেরদৌসী ইসলাম। ■

## বিএআরআই উদ্ভাবিত বারি পেঁয়াজ-১ ও ৪ এর কন্দ উৎপাদন প্রযুক্তি শীর্ষক মাঠ দিবস অনুষ্ঠিত




*মাঠ দিবস অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন বিএআরআই এর প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. রুম্মান আরা।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিএআরআই) এর আঞ্চলিক মসলা গবেষণা কেন্দ্র, গাজীপুরের আয়োজনে বিএআরআই উদ্ভাবিত বারি পেঁয়াজ-১ ও ৪ এর কন্দ উৎপাদন প্রযুক্তির উপর মাঠ দিবস গত ২২ মার্চ ২০২৩ খ্রি. তারিখে ময়মনসিংহ জেলার অর্ন্তভূক্ত গৌরিপুর উপজেলার কলতাপাড়া গ্রাামে অনুষ্ঠিত হয়। বাংলাদেশে মসলা জাতীয় ফসলের গবেষণা জোরদারকরণ প্রকল্পের অর্থায়নে এবং সরেজমিন গবেষণা বিভাগ, বিএআরাআই, ময়মনসিংহ এর সার্বিক ব্যবস্থাপনায় এ মাঠ দিবসের আয়োজন করা হয়। এ মাঠ দিবসে ৭০ জন কৃষক কৃষাণী অংশগ্রহণ করেন।

সরেজমিন গবেষণা বিভাগ, বিএআরআই, ময়মনসিংহের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. মনিরুজ্জামানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আঞ্চলিক মসলা গবেষণা কেন্দ্রের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. রুম্মান আরা। ■

বিএআরআই সংবাদ
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ত্রৈমাসিক মুখপত্র

## অতিরিক্ত সচিব মহোদয় কর্তৃক সরেজমিন গবেষণা বিভাগ, বারি, ফরিদপুরের গবেষণা কার্যক্রম পরিদর্শন

গত ১৪ জানুয়ারি ২০২৩ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অতিরিক্ত কৃষি সচিব ড. মুহা. বশিরুল আলম সরেজমিন গবেষণা বিভাগ, বারি, ফরিদপুরে কৃষকের মাঠে স্থাপিত গবেষণা ও উন্নয়ন কার্যক্রম পরিদর্শন করেন। অত্র বিভাগের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. সেলিম আহম্মেদ অতিরিক্ত সচিব মহোদয়কে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করেন। পরে তিনি উক্ত বিভাগের সামগ্রিক গবেষণা ও উন্নয়ন কার্যক্রম মাল্টিমিডিয়ার মাধ্যমে উপস্থাপন করেন। উপস্থাপন শেষে অতিরিক্ত সচিব মহোদয় সরেজমিন গবেষণা বিভাগের অধীনে চলমান গবেষণা কার্যক্রম পরিদর্শন এবং পর্যবেক্ষণ করে সন্তোষ প্রকাশ করেন। পাশাপাশি সরেজমিন গবেষণা বিভাগের কারিগরী সহায়তায় বসতবাড়ীতে স্থাপিত খামার পরিদর্শন করেন। সেখানে কৃষক সম্পূর্ণ জৈব পদ্ধতিতে বারি উদ্ভাবিত বিভিন্ন জাতের শাকসবজি (বারি বেগুন-১২, বারি ডাঁটা-১, বারি লেটুস-১, বারি মুলা-২, বারি আলু-৪১, বারি টমেটো-১০ ও ১৮, বারি পেঁয়াজ-৫, বারি পাতা পেঁয়াজ-১ ইত্যাদি ), ফলমূল (বারি ড্রাগন ফল-১, বারি পেয়ারা-২, বারি আম-৩, বারি কলা-১, বারি কাগজী লেবু-১, সীডলেস লেবু, কাশমিরী কুল ইত্যাদি), একই সাথে হাঁস, মুরগী ও কবুতর পালন করছেন। পরিবারের পুষ্টি চাহিদা পুরণের পর বাকিটা বাজারে বিক্রি করে সংসারে আর্থিকভাবে উপকৃত হচ্ছেন। অতিরিক্ত সচিব মহোদয় ভবিষ্যতে আরও যুগোপযোগী ও টেকসই গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য কেন্দ্রের বিজ্ঞানীদের প্রতি আহ্বান জানান। পরিদর্শন কার্যক্রমে আরও উপস্থিত ছিলেন ডাল গবেষণা কেন্দ্রের পরিচালক ড. মো. মহি উদ্দিন, আঞ্চলিক ডাল গবেষণা কেন্দ্র, মাদারীপুরের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. ছালেহ উদ্দিন, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ফরিদপুর অঞ্চলের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ স্বপন কুমার খাঁ, গাজীপুর ডাল গবেষণা উপ-কেন্দ্রের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. মাহবুবুল আলমসহ সগবি, ফরিদপুর ও ডাল গবেষণা কেন্দ্র মাদারীপুরের বিজ্ঞানীবৃন্দ। ■



*ড. মুহা. বশিরুল আলম, অতিরিক্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, সগবি, ফরিদপুর-এর গবেষণা মাঠ পরিদর্শন করেন।*

## উঁচু বরেন্দ্র এলাকায় বারি সরিষা-১৮ এর উৎপাদন প্রযুক্তির উপর মাঠ দিবস

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর সরেজমিন গবেষণা বিভাগ, বরেন্দ্র কেন্দ্র, রাজশাহী এর আয়োজনে এবং "রোপা আমন ও বোরো ধানের মধ্যবর্তী সময়ে চাষযোগ্য কেনোলা জাতীয় সরিষার উৎপাদন কর্মসূচী" শীর্ষক প্রকল্পের অর্থায়নে চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলাধীন আমনুরাতে উঁচু বরেন্দ্র এলাকায় বারি সরিষা-১৮ এর উৎপাদন প্রযুক্তির উপর মাঠ দিবস গত ০৩ মার্চ ২০২৩ অনুষ্ঠিত হয়েছে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব ওয়াহিদা আক্তার।

বারির সম্মানিত মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ মাঠ দিবসে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের (বিএআরসি) সম্মানিত নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার। এছাড়াও, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট এবং বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট এর মহাপরিচালকবৃন্দ, ডাল গবেষণা কেন্দ্র, বারি এর পরিচালক, বিএআরসির সদস্য পরিচালকবৃন্দ, সার্ক এগ্রিকালচার সেন্টার এর পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চলের অতিরিক্ত পরিচালক, প্রকল্প সমন্বয়ক ও মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, তৈলবীজ গবেষণা কেন্দ্র, বারি এবং সরেজমিন গবেষণা বিভাগ, বারি, গাজীপুর এর মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তাসহ নার্সভূক্ত বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠান ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ১৫০ জন কৃষক-কৃষাণি, এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ড. মোঃ মঞ্জুরুল কাদির, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রকল্প পরিচালক, রোপা আমন ও বোরো ধানের মধ্যবর্তী সময়ে চাষযোগ্য কেনোলা জাতীয় সরিষার উৎপাদন কর্মসূচী, আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বারি, জামালপুর। ■




*মাঠ দিবস অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন কৃষি মন্ত্রণালয়ের মাননীয় কৃষি সচিব জনাব ওয়াহিদা আক্তার।*

বিএআরআই সংবাদ
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ত্রৈমাসিক মুখপত্র

## Murdoch University এবং CSIRO, Australian প্রতিনিধি দলের বারি পরিদর্শন



*বিএআরআই মহাপরিচালক ড. দেবাশীষ সরকার Murdoch University এবং CSIRO অস্ট্রেলিয়া প্রতিনিধি দলের সাথে মতবিনিময় করছেন।*

Murdoch University Ges CSIRO, Australian প্রতিনিধি এর ১১ (এগার) জনের একটি প্রতিনিধি দল গত ১৯ ফেব্রুয়ারি ২০২৩ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) পরিদর্শন করেন।

পরে বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এর উপস্থিতিতে তাঁর কার্যালয়ে বারি'র বিজ্ঞানীদের সাথে প্রতিনিধি দল সংক্ষিপ্ত মত বিনিমিয় করেন। এরপর মাল্টিমিডিয়া প্রদর্শনের মাধ্যমে ইনস্টিটিউটের বিভিন্ন কার্যক্রম, অগ্রগতি ও সাফল্য তুলে ধরেন বারি'র কৃষিতত্ত্ব বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. দিলোয়ার আহমদ চৌধুরী। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন পরিচালক (গবেষণা) ড. মো. তারিকুল ইসলাম, পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. ফেরদৌসী ইসলাম, পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. সোহেলা আক্তার।

পরে অতিথিবৃন্দ ইনস্টিটিউটের আইপিএম ও টক্সিকোলজি ল্যাব, উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্রের হাইড্রোপনিক ল্যাব, কন্দাল ফসল গবেষণা *এরপর পৃষ্ঠা ২*

## বারি আলু-১০১ এর উপর মাঠ দিবস



*মাঠ দিবস অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন ড. সোহেলা আক্তার, পরিচালক, কন্দাল ফসল গবেষণা কেন্দ্র, বিএআরআই গাজীপুর।*

আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, কুমিলার গবেষণা পটে গত ০৬ মার্চ, ২০২৩ সাম্প্রতিক উদ্ভাবিত "বারি আলু-১০১" এর উপর মাঠ দিবস অনুষ্ঠিত হয়। "আঞ্চলিক উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, কুমিল্লাকে আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্রে উন্নীতকরণ" প্রকল্পের অর্থায়নে উক্ত মাঠ দিবসের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. সোহেলা আক্তার, পরিচালক, কন্দাল ফসল গবেষণা কেন্দ্র, বিএআরআই, গাজীপুর। প্রধান অতিথি তার বক্তৃতায় কৃষকদের বেগুনি রঙের এই বারি আলু-১০১ জাতটি চাষ করতে উৎসাহিত করেন। আলুর এ জাতটি অ্যান্থোসায়ানিন সমৃদ্ধ এবং দীর্ঘায়ু বৃদ্ধি, উন্নত দৃষ্টিশক্তি, কার্ডিওভাসকুলার স্বাস্থ্য সুরক্ষা, ক্যান্সার প্রতিরোধ এবং ডিমেনশিয়া সহ বিভিন্ন ধরণের স্বাস্থ্য উপকারিতা রয়েছে। ■

## Global Institute of Food Security (GIFS), University of Saskatchewan এর প্রতিনিধি দলের ডাল গবেষণা মাঠ পরিদর্শন



*ডাল গবেষণা মাঠ পরিদর্শন করছেন বিএআরআই মহাপরিচালক ড. দেবাশীষ সরকার।*

Saskatchewan বিশ্ববিদ্যালয়ের গোবাল ইনস্টিটিউট অব ফুড সিকিউরিটি (GIFS) এর টিম গত ২৩ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রি. বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ডাল গবেষণা উপ-কেন্দ্রের গবেষণা মাঠ পরিদর্শন করেন। ড. দেবাশীষ সরকার, মহাপরিচালক, বিএআরআই এর নেতৃত্বে মাঠ পরিদর্শনে আরও উপস্থিত ছিলেন ড. মোঃ তারিকুল ইসলাম, পরিচালক (গবেষণা), ড. মোঃ মহি উদ্দিন,পরিচালক, ডাল গবেষণা কেন্দ্র, ড. মোঃ আব্দুলাহ ইউসুফ আখন্দ, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, জীব প্রযুক্তি, ড. ফেরদৌসী বেগম, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, তৈলবীজ গবেষণা কেন্দ্র, ড. মোঃ মোবারক আলী, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, উদ্ভিদ কৌলিসম্পদ কেন্দ্র।, ■

## আলুর মড়ক রোগ প্রতিরোধী জাত ব্যবহারে অর্থনৈতিক সাশ্রয়





*আলুর মড়ক রোগ প্রতিরোধী জাত ব্যবহারে অর্থনৈতিক সাশ্রয়*

বেশ কয়েকটি দেশ আছে যাদের প্রধান খাদ্য আলু এমনই একটি দেশ হচ্ছে আয়ারল্যান্ড যেখানে ১৮৪৫ সালে চরম দুর্ভিক্ষের কারণে প্রায় ১০ লক্ষ লোক মারা যায় এবং ১০ লক্ষ (প্রায়) লোক দেশ ছাড়তে বাধ্য হয়। আর এই দুর্ভিক্ষের কারণ ছিল "আলুর মড়ক রোগ"। Phztophthora infestans নামক এক ছত্রাকের আক্রমণে এই রোগটি হয়ে থাকে যার বিস্তার ক্ষমতা অতি মারাত্বক। আক্রমণের মাত্র ৪৮ ঘন্টার মধ্যে পুরো এলাকার আলুর ক্ষেত ধ্বংস করে দিতে পারে। ১৯৯০ সালের পর থেকে বাংলাদেশে আলুর চাষাবাদ বিস্তারের পাশাপাশি এ রোগের প্রাদুর্ভাবও বাড়তে থাকে। বাংলাদেশে প্রতি বছর এ রোগের আক্রমণে আলুর ফলন গড়ে শতকরা ৩০ ভাগ হ্রাস পায়। মড়ক রোগ প্রতিরোধে বাংলাদেশের আলু চাষীরা প্রতি বছর প্রায় ৫০০ টন ছত্রাকনাশক স্প্রে করে যার বাজার মূল্য ৮০-১০০ কোটি টাকা। বিশাল এই অর্থনৈতিক অপচয় হ্রাসের লক্ষ্যে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের অন্তর্ভুক্ত কন্দাল ফসল গবেষণা কেন্দ্র আলুর মড়ক বা লেট বাইট প্রতিরোধী ০৫ টি আলুর জাত (বারি আলু-৪৬, বারি আলু-৫৩, বারি আলু-৭৭, বারি আলু-৯০ এবং বারি আলু-৯১) উদ্ভাবন করেছে। ■

# পিএইচডি ডিগ্রি অর্জন

মো. শামছুল আলম (BARI2660, ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাল গবেষণা কেন্দ্র, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ থেকে কৃষিতত্ত্ব বিষয়ে সম্প্রতি পিএইচডি ডিগ্রি লাভ করেছেন। তার পিএইচডি প্রোগ্রামের গবেষণার শিরোনাম ছিল " Development of production packages for T. *aman* rice-Lentil-*Boro* rice cropping pattern through the inclusion of short duration lentil variety." তিনি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ এর কৃষিতত্ত্ব বিভাগের স্বনামধন্য অধ্যাপক ড. মাহফুজা বেগম ও অধ্যাপক ড. মো. আব্দুল কাদের এবং আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন লিগিউম ব্রিডার ড. আশুতোষ সরকার, ICARDA, Delhi, India এর তত্ত্বাবধানে পিএইচডি গবেষণা সম্পন্ন করেন। তার পিএইচডি গবেষণা কাজ "BARI- ICARDA Collaboration Project on Harvestplus Challenge program" এর অর্থায়ন করা হয়। তিনি তার গবেষণার কাজটি ডাল গবেষণা কেন্দ্রের গবেষণা মাঠে এবং ল্যাবরেটরিতে সম্পন্ন করেন। তার গবেষণার ফলাফলগুলো ধান-পতিত-ধান এলাকায় ডাল ফসলের ফলন বৃদ্ধির মাধ্যমে ডালের চাহিদা পুরণসহ বাংলাদেশের কৃষকের পুষ্টি চাহিদা মিটানো ও আর্থ-সামাজিক উন্নয়নে সহায়ক হবে। মো. শামছুল আলম, মৃত মো. কিশমতুল্যা প্রামানিক ও মোছা. সহিদা খাতুনের পুত্র। তিনি ফেরদৌস আরা এর সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হন । তিনি দুই মেয়ে আরিবা ফেরদৌস ও তাসনিম ফেরদৌস এবং দুই ছেলে আব্দুল্লাহ ফেরদৌস ও মহিবুল্লাহ ফেরদৌস এর জনক। তিনি সকলের কাছে দোয়া কামনা করেন। ■



*মো. শামছুল আলম*

মুহাম্মদ মাহফুজুর রহমান, ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, উদ্ভিদ রোগতত্ত্ব শাখা, উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর Borlaug Higher Education for Agricultural Research and Development (BHEARD) fellowship bz the USDA National Institute for Food and Agriculture and the US agencz for International Development as part of the feed the future এর আওতায় উদ্ভিদ ভাইরাসতত্ত্ব বিষয়ে, উদ্ভিদ রোগততত্ত্ব বিভাগ, ওয়াশিংটন স্টেট বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেছেন। তার পিএইচডি প্রোগ্রামের শিরোনাম ছিল "Characterization of Viruses in Countrz Bean and Identification of Genetic Resistance to Pea Aphids in Pea germplasm." তিনি অত্র বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক Dr. Naidu Razapati এবং Dr. Lzndon Porter এর তত্ত্বাবধানে পিএইচডি গবেষণা সম্পুর্ন করেছেন। তার অন্যান্য কমিটি সদস্যগন ছিল Dr. Achour Amiri and Dr. Garz Grove. তিনি বাংলাদেশে শীমের দুটি স্বতন্ত্র ভাইরাসের বৈশিষ্ট্য সনাক্তকরন করেছেন। দুটি স্বতন্ত্র ভাইরাসের বৈশিষ্ট্য ছাড়াও, মটর এফিড পোকা প্রতিরোধী মটরশুঁটি জার্মপাজম স্ক্রিনিং করে ভেক্টরের প্রতিরোধের উপায় সনাক্ত করেছেন । তার গবেষণা লব্ধ ফলাফল বাংলাদেশে শীমের ভাইরাস এবং ভেক্টর নিয়ন্ত্রণের জন্য সমন্বিত কৌশলগুলির একটি গুরুত্বপূর্ণ উপাদান হিসাবে ভেক্টরগুলি প্রতিরোধের সাথে ফসলের উন্নয়ন করতে সহায়তা করবে । মুহাম্মদ মাহফুজুর রহমান, মোঃ আবুল হোসেন এবং মমতাজ বেগম এর মেঝ সন্তান । তিনি ছাবিয়া আক্তার এর সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হন । তিনি দুই ছেলে তাসনিম রহমান এবং নিহান রহমান এর জনক । ■



*মুহাম্মদ মাহফুজুর রহমান*

## ভোজ্য তেলের আমদানি নির্ভরতা কমানোর লক্ষ্যে বারি'তে তেলজাতীয় ফসলের উপর মাঠ দিবস অনুষ্ঠিত




*মাঠ দিবস অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন পরিচালক (সেবা ও সরবরাহ) ড. মো. কামরুল হাসান।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর তৈলবীজ গবেষণা কেন্দ্র এর আয়োজনে গত ১১ জানুয়ারি ২০২৩ খ্রি. বুধবার বারি'র তৈলবীজ গবেষণা কেন্দ্রের গবেষণা কার্যক্রম এর উপর মাঠ দিবস অনুষ্ঠান ইনস্টিটিউটের তৈলবীজ গবেষণা মাঠে অনুষ্ঠিত হয়েছে। 'তেলজাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্প (বারি অংগ)' ও তৈলবীজ গবেষণা কেন্দ্র, বারি, গাজীপুর এর অর্থায়নে আয়োজিত এ মাঠ দিবসে বারি'র বিভিন্ন বিভাগ ও কেন্দ্রের ঊর্ধ্বতন বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকবৃন্দ অংশগ্রহণ করেন। সকালে বারি'র পরিচালক (তৈলবীজ গবেষণা কেন্দ্র) ড. মো. আব্দুল লতিফ আকন্দ এর সভাপতিত্বে এই মাঠ দিবস অনুষ্ঠিত হয়। যেখানে বারি'র পরিচালকবৃন্দসহ অন্যান্য বিজ্ঞানী অংশগ্রহণ করেন ■

## লিলিয়াম ফুলের আধুনিক উৎপাদন, সংগ্রহোত্তর ব্যবস্থাপনা, বাল্ব উৎপাদন ও সংরক্ষণ শীর্ষক মাঠ দিবস




*লিলিয়াম ফুলের মাঠ পরিদর্শন করেন বিএআরআই মহাপরিচালক ড. দেবাশীষ সরকার।*

কৃষি গবেষণা ফাউন্ডেশন (কেজিএফ) এর অর্থায়নে চলমান প্রকল্প "Adaption, validation, multiplication and maintenance of Lilium genotypes in Bangladesh" এর আয়োজনে লিলিয়াম ফুলের আধুনিক উৎপাদন, সংগ্রহোত্তর ব্যবস্থাপনা, বাল্ব উৎপাদন ও সংরক্ষণ শীর্ষক মাঠ দিবস গত ০৯ ফেব্রুয়ারি, ২০২৩ ফুল বিভাগ, উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর মাঠে অনুষ্ঠিত হয়েছে। এ মাঠ দিবসে গাজীপুর জেলার বিভিন্ন এলাকা থেকে ৫০ জন কৃষক অংশগ্রহণ করেন। বারির মহাপরিচালক ড. দেবাশীষ সরকার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ মাঠ দিবসের উদ্বোধন করেন। উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্রের পরিচালক ড. গোবিন্দ চন্দ্র বিশ্বাস এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ মাঠ দিবসে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (গবেষণা) ড. মো. তারিকুল ইসলাম এবং পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. ফেরদৌসী ইসলাম। ■

বিএআরআই সংবাদ
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ত্রৈমাসিক মুখপত্র

# বারিতে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপিত

যথাযোগ্য মর্যাদা ও নানা আয়োজনের মধ্য দিয়ে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি)-এ গত ২৬ মার্চ রবিবার মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৩ উদ্‌যাপিত হয়েছে।

দিবসটি উদ্‌যাপন উপলক্ষে দিনব্যাপী আয়োজিত কর্মসূচির মধ্যে ছিল সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন ও গার্ড অব অনার প্রদান, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ, আলোচনা সভা, বারি থেকে অবসরপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা প্রদান, পুরস্কার বিতরণী অনুষ্ঠান, জাতির শান্তি, অগ্রগতি ও মুক্তিযুদ্ধে শহীদদের আত্মার শান্তি কামনা করে বিশেষ মোনাজাত ও প্রার্থনা এবং আলোকসজ্জা।

সূর্যোদয়ের সাথে সাথে ইনস্টিটিউটের প্রধান কার্যালয়ের সামনে বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার অন্যান্য পরিচালকবৃন্দকে সাথে নিয়ে জাতীয় সঙ্গীতের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে দিনের কর্মসূচির সূচনা করেন। এ সময় আনসার সদস্যদের পক্ষ থেকে গার্ড অব অনার প্রদান করা হয়। ■



*মহান স্বাধীনতা ও জাতীয় দিবস অনুষ্ঠানে বঙ্গবন্ধুর ম্যুরালে পুষ্পস্তবক অর্পন করছেন বিএআরআই মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এবং অন্যান্য পরিচালকবৃন্দ।*

# বারি'তে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৩ উদ্‌যাপিত

যথাযোগ্য মর্যাদা ও নানা আয়োজনের মধ্যে দিয়ে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এ গত ২১ ফেব্রুয়ারি ২০২৩মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৩ উদ্‌যাপিত হয়েছে। একুশের প্রথম প্রহর রাত ১২:০১ মিনিটে বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এর নেতৃত্বে পরিচালকবৃন্দ, বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী, শিক্ষক, শ্রমিক ও বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে ইনস্টিটিউটের শহীদ মিনারে পুস্পস্তবক অর্পণ করার মধ্য দিয়ে দিবসের কর্মসূচি শুরু হয়।

দিনের অন্যান্য কর্মসূচির মধ্যে ছিল জাতীয় পতাকা অর্ধনমিত রাখা, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, মহান ভাষা আন্দোলনে শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে ইনস্টিটিউটের সকল স্তরের বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী, শ্রমিক, শিক্ষক এবং বিভিন্ন সংগঠনের অংশগ্রহণে প্রভাতফেরি। প্রভাতফেরি শেষে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৩ উপলক্ষে সংক্ষিপ্ত আলোচনা অনুষ্ঠান।




*মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে আয়োজিত প্রভাত ফেরি।*

আলোচনা অনুষ্ঠানে বারি'র এর মহাপরিচালক ড. দেবাশীষ সরকার, পরিচালক (গবেষণা) ড. মো. তারিকুল ইসলাম, পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. ফেরদৌসী ইসলাম, পরিচালক (উদ্যানতত্ত্ব) ড. গোবিন্দ চন্দ্র বিশ্বাস, পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. সোহেলা আক্তার, বারি বিজ্ঞানী সমিতি (বারিসা), বারি কর্মচারী কল্যাণ সমিতি (বারিকা) এবং বারি শ্রমিক সমিতির নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

এছাড়াও দিনের কর্মসূচির অংশ হিসেবে জোহর নামাজ পরবর্তী বারি'র সকল মসজিদে ভাষা শহীদদের রুহের মাগফেরাত ও দেশের সুখ, শান্তি ও সমৃদ্ধি কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়। সন্ধ্যায় বারি'র মন্দির ও গীর্জায় বিশেষ প্রার্থনা করা হয়। ■

প্রধান পৃষ্ঠপোষক : ড. দেবাশীষ সরকার
মুখ্য সম্পাদক : ড. মো. আইয়ুব হোসেন
সম্পাদক : মো. হাসান হাফিজুর রহমান
আলোকচিত্র শিল্পী : পংকজ সিকদার

প্রকাশনায় : বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
জয়দেবপুর, গাজীপুর-১৭০১
ফোন- +৮৮-০২-৪৯২৭০০৩৮

ডিজাইন ও মুদ্রণে : জননী প্রিন্টার্স
১০৫ আরামবাগ, মতিঝিল, ঢাকা-১০০০

প্রকাশ: এপ্রিল ২০২৩